জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র নং-১০(৪৩৮)জাতীঃবিঃ/রেজিঃ/এ্যাকাঃ/২০০২/৪০৮ তারিখ ঃ ৫/১/১২

২০১১-২০১২ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী বি বি এ সম্মান শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বি বি এ স্নাতক (সম্মান) শ্রেণীর অধিভুক্ত কলেজ/ইন্সটিটিউটসমূহে ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ভর্তি ও রেজিস্ট্রেশন সংক্রান্ত তফসিল নিম্নে দেয়া হলোঃ

১। ভর্তি ও রেজিস্ট্রেশনের সময়সীমাঃ

ক) ফিস সহ ভর্তির শেষ তারিখ ১২/০৩/২০১২
খ) ক্লাশ শুরুর তারিখ ১৫/০৩/২০১২
গ) ফিস সহ ভিভি করার শেষ তারিখ ১৪/০৩/২০১২
ঘ) ফিস সহ ১ কপি বিবরণী ও ব্যাংক ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার শেষ তারিখ ১৮/০৩/২০১২

২। বি বি এ সম্মান শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তির যোগ্যতাঃ

ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলিম/ডিপ্লোমা-ইন-কমার্স/বাণিজ্য ও ব্যবসায় প্রশাসন/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে SSC ও HSC উভয় পরীক্ষায় ন্যূনপক্ষে জিপিএ গ্রেড-২.৫/উভয় পরীক্ষাতেই কমপক্ষে গ্রেড-সি পেতে হবে।

খ) জিসিই 'ও' লেভেল পরীক্ষায় অন্তত তিনটি বিষয়ে এবং ২০১০ ও ১১ সনের 'এ' লেভেল পরীক্ষা অন্তত দুটি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণও উপরিউক্ত কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাদেরকে 'ও' লেভেল এবং'এ' লেভেল পরীক্ষায় মোট পাঁচটি বিষয়ের মধ্যে কমপক্ষে তিনটি বিষয়ে বি-গ্রেড এবং অন্য দুটি বিষয়ে সি-গ্রেড প্রাপ্ত হতে হবে। 'ও' লেভেল পাস করা ছাত্র-ছাত্রীদের উপরিউক্ত কোর্সের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর দ্বিগুন করে ফলাফল প্রকাশ করতে হবে।
গ্রেড-এ=৭৫, গ্রেড-বি=৬৫ এবং গ্রেড-সি=৫৫ নম্বর এর সমতুল্য বলে গন্য করা হবে।

গ) কোন পরীক্ষার্থী ১০০০ নম্বর এর অতিরিক্ত নম্বরের পরীক্ষায় পাস করে থাকলে তার প্রাপ্ত মোট নম্বর ১০০০ নম্বর স্কেলে নির্ণয় করে অন্যান্যদের সাথে তার বিষয় বিবেচিত হবে।

ঘ) বিবিএ কোর্সে ভর্তির জন্য অর্থনীতি/অর্থনীতির সমগোত্রীয় (গণিত/হিসাব বিজ্ঞান) বিষয়ে গ্রেড পয়েন্ট ৩ থাকতে হবে।

ঙ) শুধুমাত্র ২০১০ ও ২০১১ সালে উচ্চ মাধ্যমিক পাস শিক্ষার্থীগণ ভর্তির জন্য আবেদন করতে পারবে।

চ) বিবিএ কোর্সে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০১০ তারিখে সর্বোচ্চ ২২ (বাইশ) বছরের অধিক হবেনা (অর্থাৎ যাদের জন্ম ৩১/১২/১৯৮৯ তারিখের পূর্বে তারা আবেদন করতে পারবে না)।

জ) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে নূন্যতম ২ থাকতে হবে।

৩। পাঠ্যক্রম ও পাঠ্যসূচিঃ

ক) ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষ থেকে কার্যকর পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করতে হবে।

খ) পাঠ্যক্রম ও পাঠ্যসূচির বিষয়ে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল যখন যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবে তা সকল ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। ভর্তি পরীক্ষার নীতিমালাঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয়ভাবে ভর্তি পরীক্ষা গ্রহণ করবে না সংশ্লিষ্ট ইনস্টিটিউট/কলেজসমূহ ভর্তি পরীক্ষা গ্রহণ করবে।

খ) প্রতি আবেদনপত্রের বিপরীতে ছাত্র-ছাত্রীদের নিকট থেকে মোট ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে গ্রহণ করতে হবে। ভর্তি সংক্রান্ত ব্যয়ভার মিটানোর জন্য কলেজ/ইন্সটিটিউট কর্তৃপক্ষ শিক্ষার্থী প্রতি ১১০ (একশত দশ) টাকা জমা রাখবে এবং শিক্ষার্থী প্রতি ১৪০/- (একশত চল্লিশ) টাকা 'ভর্তি ফাণ্ড' এই শিরোনামে সোনালী ব্যাংকের যে কোন শাখার উপর ব্যাংক ড্রাফটসহ আবদনকারীদের একটি তালিকা নিম্নস্বাক্ষরকারীর বরাবর জমা দিতে হবে।

গ) আবেদনপত্রে ভুল তথ্য সরবরাহ করলে বা স্বাক্ষর বিহীন/জাল স্বাক্ষর/অন্য কেউ স্বাক্ষর করে ভর্তি ফরম জমা দিলে তা বাতিল বলে গন্য হবে। ভুল স্বাক্ষর বা তথ্য জালিয়াতির জন্য ভর্তির পর যে কোন পর্যায়ে ভর্তি বাতিল করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ) কলেজ/ইন্সটিটিউটগুলিকে এ সকল নিয়ম যথাযথভাবে মেনে ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো। এই নিয়মের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ি থাকবে।

৫। দ্বৈত ভর্তিঃ

কোন ছাত্র/ছাত্রী এক কোর্স/বিষয়ে ভর্তি হওয়ার পর উক্ত কোর্স/বিষয়ে অধ্যয়নরত অবস্থায় অন্য কোন কোর্স/বিষয়ে ভর্তি হতে পারবেনা। যদি কোন ছাত্র/ছাত্রী নির্দিষ্ট একটি কোর্স/বিষয়ে অধ্যয়নকালে অন্য কোন কোর্স/বিষয়ে ভর্তি হয় তাহলে তার সকল কোর্স/বিষয়ের ভর্তি বাতিল বলে গন্য হবে।

৬। আবেদনের নিয়ম ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট prof.nu.edu.bd হতে আবেদন ফরম Downlod করে ভর্তিচ্ছুক নির্ধারিত শিক্ষার্থীগণ হাতে পূরণ করবে। পূরণকৃত আবেদন ফরম, নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখ অনুযায়ী জমা দিয়ে ভর্তি হবে। ২০১১-১২ শিক্ষাবর্ষ পর্যন্ত অধিভুক্তি/নবায়নের ফটোকপি/নবায়নের টাকা জমাদানের ব্যাংক রশিদ, উন্নয়ন ফিস সংশ্লিষ্ট শাখায় দাখিল পূর্বক বিশ্ববিদ্যালয় হতে User Id এবং Password সংগ্রহ করবেন। উক্ত User Id এবং Password ব্যবহার করে শিক্ষার্থীদের পুরণকৃত তথ্য computer এ কলেজ এর Interface এর Online এ Entry করবে। অন লাইনে পূরণকৃত ছাত্র/ছাত্রী ভর্তি বিবরণী Print out করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত এক কপি জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে। কলেজের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ব্যতিত অন্য কাউকে কোন অবস্থাতেই Password অবগত করা যাবে না। নির্ধারিত তারিখের পর অন লাইনে ফরম পুরণ বা সংশোধনের সুযোগ থাকবে না।

৭। ফিসের হারঃ

ক) রেজিস্ট্রেশন ফিস	ঃ ৬৫০/-
খ) ক্রীড়া ও সাংস্কৃতিক ফিস	ঃ ২০/-
গ) বিএনসিসি	ঃ ৫/-
ঘ) রোভার স্কাউট ফিস	ঃ ১০/-
ঙ) কলেজ পরিবর্তন ফিস	ঃ ৭৫০/- (একই জেলায় কলেজ পরিবর্তন হবে না)
চ) ভর্তি বাতিল ফি	ঃ ৫০০/-

৮। ভর্তির সময় কলেজ কর্তৃপক্ষের পালনীয় কর্তব্যঃ

বি বি এ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ছাত্র/ছাত্রীদের বিবরণী ফরমের সঙ্গে সংযুক্ত করে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবেঃ

ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের পরীক্ষার নম্বর ফর্দের সত্যায়িত অনুলিপি।

খ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের পরীক্ষা পাস সংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র।

বিঃদ্রঃ ভর্তির সময়ে ছাত্র/ছাত্রীদেরকে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল নম্বর পত্র মূল সনদপত্র এবং সেগুলোর সত্যায়িত অনুলিপি কলেজে দাখিল করতে হবে। সার্টিফিকেটের সত্যতা যাচাই পূর্বক সত্যায়িত অনুলিপি রেখে মূল নম্বপরত্র এবং মূল সনদপত্র ছাত্র/ছাত্রীদেরকে ফেরৎ দিতে হবে। **২০/১/২০১২ হতে Online এ ভর্তি ফরম পুরনের Interface পাওয়া যাবে।**

৯। নির্ধারিত পরিমান অর্থের অতিরিক্ত বা কম অর্থের ব্যাংক ড্রাফট জমা দিলে সংশ্লিষ্ট কলেজের সামগ্রিক ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

M. Khan 5.1.12

(ড. মোবাশ্বেরা খানম)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

সূত্র নং-১০(৪৩৮)জাতীঃবিঃ/রেজিঃ/এ্যাকাঃ/২০০২/৪৩৬ তারিখ ঃ ১০/১/১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, কম্পিউটার ও আই.সি.টি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশন বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৬। সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৯। সেকশন অফিসার, প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১০। অফিস কপি/গার্ড ফাইল।

(ড. মোবাশ্বেরা খানম)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।